আমাদের সময়

তারিখ ... ২১ MAR 2016 ...
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ২ ...

১০ লাখ টাকা আত্মসাৎ

# জবি শিক্ষকসহ দুজনের বিরুদ্ধে মামলা

নিজস্ব প্রতিবেদক ●
আমানতকারীর ১০ লাখ টাকা আত্মসাতের অভিযোগে র‌্যাপিড ফাইন্যান্স অ্যান্ড কমার্স মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিমিটেডের সভাপতি ও জগন্নাথ বিশ্ববিদ্যালয়ের (জবি) অবসরপ্রাপ্ত শিক্ষক মো. জয়নুল আবেদীন মজুমদারসহ দুজনের বিরুদ্ধে মামলা করেছে দুর্নীতি দমন কমিশন (দুদক)। গতকাল রোববার রাজধানীর রমনা মডেল থানায় দুদকের উপ-পরিচালক মো. আবু বকর সিদ্দিক বাদী হয়ে মামলাটি (মামলা নং-৩০) দায়ের করেন। মামলার অন্য আসামি হলেন– সমিতির সাধারণ সম্পাদক মো. নাজমুল হক খান। দুদকের জনসংযোগ এরপর পৃষ্ঠা ৯ কলাম ২

## জবি শিক্ষকসহ দুজনের বিরুদ্ধে

(৩ এর পৃষ্ঠার পর) কর্মকর্তা প্রণব কুমার ভট্টাচার্য্য মামলা দায়েরের বিষয়টি নিশ্চিত করেন। দুদক সূত্র জানায়, রাজধানীর গুলিস্তান শপিং কমপেক্স মার্কেটে অবস্থিত 'র‌্যাপিড ফাইন্যান্স অ্যান্ড কমার্স মাল্টিপারপাস কো-অপারেটিভ সোসাইটি লিমিটেড' একটি নিবন্ধিত সমিতি। মাসিক মুনাফাভিত্তিক ডিপোজিট মোতাবেক মো. ছিদ্দিকুর রহমান নামের এক ব্যক্তির কাছ থেকে প্রতারণার মাধ্যমে ২০১১ সালের ৩০ জানুয়ারি থেকে ২৯ এপ্রিল পর্যন্ত ৫ লাখ টাকার আমানত গ্রহণ করেন আসামিরা। এর পরিপ্রেক্ষিতে প্রতি লাখ টাকায় ২০ হাজার টাকা মুনাফা দেওয়ার কথা ছিল। পরে একই শর্তে ওই ব্যক্তির কাছ থেকে আরও ৫ লাখ টাকা আমানত হিসেবে নেন। কিন্তু টাকার মুনাফা দেওয়ার পরিবর্তে মূলধন দিতেও আসামিরা অস্বীকার করেন। এমনকি জবির ওই শিক্ষকের বাড়িতে গিয়ে জমাকৃত টাকা ফেরত চাইলে তিনি দিতে অস্বীকার করেন। দুদকের অনুসন্ধানে আসামিদের বিরুদ্ধে আনীত অভিযোগ প্রাথমিকভাবে প্রমাণিত হওয়ায় দণ্ডবিধির ৪০৯/১০৯ ধারায় এবং ১৯৪৭ সালের দুর্নীতি প্রতিরোধ আইনের ৫(২) ধারায় মামলাটি দায়ের করা হয়েছে।